



ড্যাফোডিল ভার্শিটিতে শোক দিবস পালিত

জাতীয় শোক দিবস উপলক্ষে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে গত মঙ্গলবার আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্রবিষয়ক সাবেক সচিব ও বাংলাদেশ হেরিটেজ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান কূটনৈতিক ওয়ালিউর রহমান। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. ইউসুফ এম ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রোভিসি প্রফেসর ড. এস এম মাহাবুব-উল হক মজুমদার, ট্রেজারার হামিদুল হক খান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ড. এ কে এম ফজলুল হক। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট এক্সচার্স পরিচালক সৈয়দ মিজানুর রহমান এবং দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা হাবিবুর রহমান। বিজ্ঞপ্তি।